গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সোনাতলা, বগুড়া।

## দোকান বরাদ্দ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনাতলা উপজেলার বালুয়াহাটের অধীন সরকারী জমিতে নির্মিত ভবনের "হাট ও বাজারের পেরিফেরি বহির্ভূত সরকারী খাস জমিতে স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বহুতল বিশিষ্ট মার্কেটের দোকান বরাদ্দের নীতিমালা" মোতাবেক শর্ত সাপেক্ষে বরাদ্দের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত দোকানগুলো বরাদ্দ গ্রহণে আগ্রহী প্রার্থীগণ আগামী 28/02/2023 খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

09/02/2023
সাঈদা পারভীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ)
সোনাতলা, বগুড়া।

শর্তাবলী ঃ

০১। দোকানঘর সমূহ প্রথমে ১০ বছর মেয়াদে নির্ধারিত সেলামি ও নির্ধারিত মাসিক ভাড়ায় অস্থায়ী বরাদ্দ প্রদান করা হবে। দোকান বরাদ্দ গ্রহিতাগণ বরাদ্দের শর্ত ভঙ্গ করলে বরাদ্দ বাতিল করা হবে।
০২। নির্মিত বহুতল ভবনে দোকান বরাদ্দ প্রাপ্তদের কোনো মালিকানা থাকবে না।
০৩। সরকারের বৃহত্তর স্বার্থে বা অন্য যেকোন যুক্তি সংগত কারনে বরাদ্দ প্রদানকারী উপর্যুক্ত কারন বর্ণনা করে ৪৫ দিনের সময় দিয়ে উক্ত দোকানের বরাদ্দ বাতিল করতে পারবেন।
০৪। দোকানের ভাড়া পরপর ০৪(চার) মাস বকেয়া থাকলে কর্তৃপক্ষ উক্ত বকেয়া ভাড়া ৪৫ দিনের মধ্যে পরিশোধের নোটিশ দিয়ে দোকানের বরাদ্দ বাতিল করতে পারবে।
০৫। প্রতি ০৫(পাঁচ) বছর পরপর উপযোগীতার ভিত্তিতে কমিটি কর্তৃক মাসিক ভাড়ার হার পুনঃনির্ধারিন করতে পারবে।
০৬। বরাদ্দ প্রাপ্ত দোকান কোনভাবেই সাব লীজ দেওয়া যাবে না।
০৭। কমিটির অনুমোদন ব্যতিত বরাদ্দ গ্রহিতা কর্তৃক বরাদ্দপ্রাপ্ত দোকান অন্যত্র হস্তান্তর করা যাবে না।
০৮। মার্কেট ভবন ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ধার্যকৃত সার্ভিস চার্জ বা ফি এবং দোকানের বিদ্যুৎ, পানি, গ্যাস, টেলিফোন বা অনুরূপ কোন সার্ভিস ব্যবহৃত হলে বরাদ্দ প্রাপক তার জন্য প্রয়োজনীয় চার্জ, ফি বা বিল সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নিয়মিতভাবে নিজ উদ্যোগে পরিশোধ করবে এবং প্রতি মাসে জমাকৃত বিল সমূহের অনুলিপি সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।
০৯। দখল হস্তান্তরের তারিখ হতে বরাদ্দ প্রাপকের কাছ থেকে ধার্যকৃত হারে দোকানের ভাড়া আদায় করা হবে।
১০। বরাদ্দ প্রাপক বা দোকান গ্রহিতা যদি দোকানের দখল বুঝে নেওয়ার একাধিক্রমে ০৬(ছয়) মাস ব্যবসা শুরু না করেন তাহলে কমিটি দোকানটির বরাদ্দ বাতিল করতে পারবে।
১১। ভবনের নির্ধারিত দোকানগুলিতে নির্দিষ্টভাবে উল্লেখিত ব্যবসার ধরন পরিবর্তন করা যাবে না।
১২। বৈধ ব্যবসা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে দোকান ব্যবহার করা যাবে না।
১৩। বরাদ্দ গ্রহিতা বরাদ্দকৃত দোকান বিক্রয়, হস্তান্তর, বন্ধক বা অন্য কোনভাবে দায়বদ্ধ করতে পারবে না।
১৪। দোকানের অভ্যন্তরীন কাঠামো বা সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে সংস্কার, বৈদ্যুতিক লাইন ও প্রয়োজনীয় ফিটিংস সংযোগসহ রক্ষণাবেক্ষণ নিজ অর্থে ও ব্যবস্থাপনায় সম্পন্ন করতে পারবে।
১৫। বরাদ্দ গ্রহিতার মৃত্যুতে বৈধ ওয়ারিশগণ সম্মিলিতভাবে দোকান পরিচালনা করতে পারবে। অপরদিকে নাবালক ওয়ারিশগণের ক্ষেত্রে উক্ত দোকান প্রকৃত ব্যবসায়ীর অনুকূলে ভাড়া প্রদান করা যাবে।
১৬। দোকান বরাদ্দের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসাবে বিবেচিত হবে।

09/02/2023
সাঈদা পারভীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ)
সোনাতলা, বগুড়া।

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

স্মারক নং- ৩১.৫০.১০৯৪.০০০.০৫.০০৪.২৩- ৯৬ (১০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১। জেলা প্রশাসক, বগুড়া।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাতলা, বগুড়া।
৪। উপজেলা নির্বাহী অফিসার, সোনাতলা, বগুড়া।
৫। চেয়ারম্যান,.................. ইউনিয়ন পরিষদ(সকল) সোনাতলা, বগুড়া বহুল (মাইকিং)প্রচারের অনুরোধসহ।
৬। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা.....................(সকল) তাকে অত্র নোটিশ ঢোল শহরতের মাধ্যমে ব্যাপকভাবে প্রচার অন্তে ধার্য তারিখের পূর্বে অত্রাফিসে প্রেরণ করার জন্য বলা হলো।
৭। নোটিশ বোর্ড।

09/02/2023
সাঈদা পারভীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ)
সোনাতলা, বগুড়া।